

মেয়র আনিসুল হকের অবস্থার অবনতি

কালের কণ্ঠ অনলাইন ৩০ নভেম্বর, ২০১৭ ১৭:৫৯ | পড়া যাবে ২ মিনিটে

[Share](#) [প্রিন্ট](#)



লন্ডনে চিকিৎসাধীন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হকের অবস্থার [অ-](#) [অ](#) [অ+](#) অবনতি ঘটেছে।

মেয়রের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা সাদিত হাসান কালের কণ্ঠকে জানান, তার অবস্থা ভালো নয়। তিনি মারা যাননি।

এদিকে লন্ডনে স্বামীর পাশে থাকা রুবানা বৃহস্পতিবার বিকালে গণমাধ্যমকে বলেন, তার ফুসফুসে সংক্রমণ হয়েছে। তার অবস্থা ভালো নয়। তার জন্য জন্য দোয়া করুন।

গত ৪ আগস্ট অসুস্থ হয়ে পড়লে লন্ডনের একটি হাসপাতালে ভর্তির পর নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) রাখা হয়েছিল আনিসুল হককে। অবস্থার উন্নতি ঘটায় পর গত ৩১ অক্টোবর তাঁকে আইসিইউ থেকে রিহ্যাবিলিটেশনে স্থানান্তরের খবর জানিয়ে বিবৃতি দিয়েছিল ঢাকা উত্তর সিটি করপোরেশন। এর এক মাসের মধ্যে আবার আইসিইউতে নেওয়া হলো ৬৫ বছর বয়সী মেয়রকে।

নাতির জন্ম উপলক্ষে গত ২৯ জুলাই সপরিবারে লন্ডনে গিয়ে অসুস্থ হয়ে পড়েন আনিসুল হক। অসুস্থ বোধ করায় আগস্টের মাঝামাঝিতে লন্ডনের একটি হাসপাতালে গেলে সেখানে পরীক্ষা চলার মধ্যেই সংজ্ঞা হারান তিনি। পরে তাঁর মস্তিষ্কের রক্তনালিতে প্রদাহজনিত সেরিব্রাল ভাসকুলাইটিস শনাক্ত করেন চিকিৎসকরা।

তৈরি পোশাক ব্যবসায়ী আনিসুল হক ২০১৫ সালের নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়নে ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র নির্বাচিত হন। সেনা নিয়ন্ত্রিত তত্ত্বাবধায়ক সরকার আমলে তিনি এফবিসিসিআইয়ের সভাপতি ছিলেন। তার আগে বিজিএমইএর সভাপতিও ছিলেন তিনি।